

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৭. রুকু হতে উঠে দীর্ঘক্ষণ দাঁড়ানো এবং দু' সাজদার মাঝে দীর্ঘক্ষণ বসা সম্পর্কে

باب طُولِ الْقِيَامِ مِنَ الرُّكُوعِ وَبَيْنَ السَّجْدَتَيْنِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا ثَابِتٌ، وَحُمَيْدٌ، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ مَا صَلَيْتُ خَلْفَ رَجُلٍ أَوْجَزَ صَلَاةً مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي تَمَامٍ وَكَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي تَمَامٍ وَكَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا قَالَ " سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ " . قَامَ حَتَّى نَقُولَ قَدْ أَوْهَمَ نُمَّ يُكَبِّرُ وَيَسْجُدُ وَكَانَ يَقْعُدُ بَيْنَ السَّجْدَتَيْن حَتَّى نَقُولَ قَدْ أَوْهَمَ

_ صحيح : م، خ مختصراً

বাংলা

৮৫৩। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেমন সংক্ষেপে অথচ পূণার্কভাবে সালাত আদায় করতেন, আমি এরূপ সালাত অন্য কারো পিছনে আদায় করিনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "সামিআল্লাহু লিমান হামিদাহ্" বলার পর দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকতেন, আমাদের মনে হতো যে, তিনি ভুলে গেছেন। অতঃপর তিনি তাকবীর বলে সিজদা্ করতেন এবং দু' সাজদার মধ্যবর্তী সময়ে এতো দীর্ঘক্ষণ বসতেন যে, আমাদের মনে হতো তিনি দ্বিতীয় সাজদার কথা হয়তো ভুলে গেছেন।[1]

সহীহ: মুসলিম, বুখারী সংক্ষেপে।

English

Anas b. Malik said:

I did not offer prayer behind anyone more brief than the one offered by the Messenger of Allah(ﷺ) and that was perfect. When the Messenger of Allah(ﷺ) said: "Allah listens to him who praises Him," he stood long we



thought that he had omitted something; then he say takbir(Allah is most great) and prostrate, and would sit between the two prostrations so long that we thought that he had omitted something.

ফুটনোট

[1] আহমাদ, বুখারী (অধ্যায়: আযান, অনুঃ বাচ্চার কান্নার আওয়ায শুনে সালাত সংক্ষেপ করা, হাঃ ৭০৮), মুসলিম (অধ্যায়: সালাত, অনুঃ ইমামদের প্রতি সালাত সংক্ষেপ করার নিদের্শ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন